কোটচাঁদপুরে পিকাপভ্যানের ধাক্কায় মটরসাইকেল আরোহী নিহত

ঝিনাইদহের কোটচাঁদপুরে পিকাপভ্যানের ধাক্কায় ইমন হোসেন (১৯) নামের এক মটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। আহত হয়ে হাসপাতালের শয্যায় মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছেন উচ্ছাস বিশ্বাস নামের আরেক আরোহী। গতকাল শনিবার সন্ধ্যায় কোটচাঁদপুর – কালিগঞ্জ সড়কের বিস্কুট ফ্যাক্টরির সামনে এ দূর্ঘটনা ঘটে।

ইমনের চাচাত ভাই আব্দুল্লা বলেন, ইমন আর উচ্ছাস মামাত ফুফাত ভাই। গতকাল শনিবার সন্ধ্যায় মটরসাইকেল নিয়ে ওই দুই জন বেড়াতে বের হয়। বাড়ি ফেরার পথে কোটচাঁদপুর-কালীগঞ্জ সড়কের বিস্কুট ফ্যাক্টরীর সামনে, তারা পৌছালে পিছন থেকে পিকাপ ভ্যান সজোরে ধাক্কা দেয়। এতে করে গুরুতর আহত হয় ওই দুই জন।

তাদেরকে উদ্ধার করে প্রথমে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে পরে যশোর নিয়ে যাওয়া হয়। এরপর রাতেই চিকিৎসাধীন অবস্থায় যশোর হাসপাতালে মারা যায় ইমন হোসেন (১৯)। সে কোটচাঁদপুর পৌরসভার কাশিপুর এলাকার আব্দুর রশিদের ছেলে। ইমন কাশিপুর কলেজের একাদশ শ্রেনীর ছাত্র ছিলেন। এ ছাড়া সে ওয়ার্ড ছাত্র দলের সভাপতি ছিলেন বলে দলীয় সুত্রে জানা গেছে।

অন্যদিকে উচ্ছাসকে উন্নত চিকিৎসার জন্য ঢাকা নিয়ে তাঁর স্বজনরা। তাঁর অবস্থায় আশংকাজনক। বর্তমানে সে হাসপাতালের শয্যায় শুয়ে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে। উচ্ছাস যশোরের চৌগাছা থানার স্বরুপ দহ গ্রামের শওকত আলী ছেলে। সে বিদেশ প্রবাসী ছিলেন। এদিকে ইমনের মৃত্যুতে শোকের মাতম চলছে ওই পরিবারে। শোক বইছে কলেজের সহপাঠীদের মধ্যে ও।

কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক (এসআই) শাহ মোহাম্মদ আজিজ বলেন, আমি ডিউটিতে আসার পর থেকে এখনো পর্যন্ত কেউ কোন অভিযোগ বা জিডি করে নাই।

ঝিনাইদহে চিকিৎসকের ভুল অপারেশনে রোগী মৃত্যুর অভিযোগ

চিকিৎসকের ভুল অপারেশনে ঝিনাইদহে প্রাইভেট ক্লিনিকে রিফাত (১৬) নামে এক এসএসসি পরীক্ষার্থীর মৃত্যুর অভিযোগ উঠেছে। আবার সেই রোগীকে রাজশাহী মেডিকেলে পাঠোনো হয়েছে বলে অভিযোগ তুলেছে তার স্বজনরা।

গত শুক্রবার (৪ অক্টোবর) ঝিনাইদহ শহরের আরাপপুর এলাকার ঢাকা ল্যাব নামে একটি ক্লিনিকে অ্যাপেন্ডিক্স অপারেশনের পর তার মৃত্যু ঘটে। রিফাত হরিণাকুণ্ডু উপজেলার দরিবিন্নি মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণীর ছাত্র এবং একই উপজেলার সড়াবাড়িয়া গ্রামের বাদশা মুন্সির ছেলে। অভিযোগ উঠেছে, মৃত্যুর পরে রিফাতের নিথর দেহ রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়। এ নিয়ে রিফাতের স্বজনরা ক্ষুব্ধ ও মর্মাহত।

তথ্য নিয়ে জানা গেছে, অ্যাপেন্ডিক্সের ব্যাথা নিয়ে গত (৪ অক্টোবর) শুক্রবার সকাল ১১টার দিকে রিফাত ঝিনাইদহ শহরের আরাপপুর এলাকার ঢাকা ল্যাব নামে একটি প্রাইভেট ক্লিনিকে ভর্তি হয়। ভর্তির পর তার পরীক্ষা নিরীক্ষা শেষে অপারেশন থিয়েটারে নিয়ে যাওয়া হয়। চিকিৎসক ডাঃ রেজা সেকেন্দার রিফাতের অপারেশন করেন। অপারেশনের কিছুক্ষন পর রোগীর খিঁচুনি শুরু হয় এবং মৃত্যুর কোলে ঢলে পড়ে। এদিকে পরিস্থিতি আঁচ করতে পেরে স্বজনদের সান্তনা দিতে মৃত রোগীকে ডাঃ রেজা সেকেন্দার প্রথমে কুষ্টিয়া ও পরে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যেতে পরামর্শ দেন। রাজশাহী নিয়ে যাওয়ার পর চিকিৎসকরা জানান তিনঘন্টা আগেই রোগীর মৃত্যু হয়েছে।

ক্লিনিকের একটি সূত্র জানায়, অজ্ঞানের চিকিৎসক ডাঃ অপূর্ব রিফাতকে অজ্ঞানের পর তার কার্ডিয়াক ফেল করে এবং মৃত্যুর কোলে ঢলে পড়ে। রিফাতের পিতা বাদশা মুন্সি শনিবার রাতে জানান, তার ছেলে অপচিকিৎসার শিকার হয়েছেন। তিনি এর বিচার চান।

এলাকার ইউপি মেম্বর আল আমিন জানান, রিফাত এবার এসএসসি পরীক্ষা দিত। কিন্তু অত্যন্ত ভদ্র নম্র এই ছিলেটি ডাক্তারের ভুল চিকিৎসার বলি হয়েছেন। এ ব্যাপারে ঝিনাইদহের কসাই খ্যাত চিকিৎসক রেজা

সেকেন্দারের বক্তব্য জানতে একাধিকবার ফোন করা হলেও তিনি ফোন রিসিভ করেননি। ঢাকা ল্যাবের ম্যানেজার আসিফ মিয়া ও মালিক আশরাফুজ্জামান লিপনসহ সবাই এ ঘটনার পর থেকে পলাতক রয়েছেন।

বিষয়টি নিয়ে ঝিনাইদহের সিভিল সার্জন ডাঃ শুভ্রা রানী দেবনাথ জানান, স্কুল ছাত্র রিফাতের মৃত্যুর সংবাদ শুনার পর ওই ক্লিনিকটি বন্ধ করে একটি তদন্ত কমিটি গঠন করে ব্যবস্থা গ্রহন করা হবে। তিনি আরও বলেন, বেশির ভাগ ক্ষতিগ্রস্ত পরিবার সমঝোতার ভিত্তিতে ঘটনা মীমাংসা করে ফেলান। তাই শক্ত কোন ব্যবস্থা গ্রহন করা যায় না। এর আগে একাধিক রোগীর মৃত্যুর পর ডাঃ রেজা সেকেন্দার নিজেই আর অপারেশন করবেন না বলে জানিয়েছিলেন। কিন্তু তারপরও তিনি একের পর এক অপারেশন করে যাচ্ছেন। এর আগে ঝিনাইদহ জেলা প্রশাসকের কাছেও ডাঃ রেজা সেকেন্দার আর অপারেশন করবেন না বলে মুচলেকা দিয়েছিলেন বলে সিভিল সার্জন জানান।

ঝিনাইদহে বিজেপি’র লিফলেট বিতরণ

ঝিনাইদহে দলের কর্মকান্ড প্রচারণা ও যোগদান করতে লিফলেট বিতরণ করেছে বাংলাদেশ জাতীয় পার্টি (বিজেপি) ও অঙ্গ সংগঠন বাংলাদেশ জাতীয় যুব সংহতি।

আজ রোববার (৬ আক্টোবর) দুপুরে শহরের পায়রা চত্বর, পোস্ট অফিস মোড়, হাটের রাস্তা, কেসি কলেজ এলাকা, চুয়াডাঙ্গা বাসস্ট্যান্ড, আরাপপুরসহ বিভিন্ন স্থানে এ লিফলেট বিতরণ করা হয়।

বাংলাদেশ জাতীয় যুব সংহতি কেন্দ্রীয় আহ্বায়ক হারুন-অর-রশিদের নেতৃত্বে লিফলেট বিতরণ কার্যক্রম শুরু হয়। সেসময় যুগ্ম আহ্বায়ক মাসুদ পারভেজ লিখন, কালীগঞ্জ, কোটচাঁদপুর ও মহেশপুর উপজেলা বিজেপির প্রধান সমন্বয়ক মোস্তাফিজুর রহমান বাবলা, জাতীয় যুব সমিতি ঝিনাইদহ জেলা শাখার আহ্বায়ক আবদুর রহিম কাকন, সিনিয়র যুগ্ম আহ্বায়ক শামীম রেজা, বাংলাদেশ জাতীয় ছাত্র সমাজ ঝিনাইদহ জেলা শাখার আহ্বায়ক তাকবীর মির্জা পাভেল, সদস্য সচিব এ আর আকাশ

বিশ্বাসসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

লিফলেট বিতরণ শেষে সংক্ষিপ্ত বক্তব্যে বাংলাদেশ জাতীয় যুব সংহতির আহ্বায়ক হারুন-অর-রশিদ বলেন, বাংলাদেশ জাতীয় পার্টি বিজেপি গত ৫ বছর ধরে বিভিন্ন ভাবে সৎ, মেধাবী, তরুণ সমাজকে রাজনীতিতে সক্রিয় করার জন্য কাজ করে যাচ্ছে। তারই ধারাবাহিকতায় আমরা আপনাদের অনুরোধ করছি বাংলাদেশ জাতীয় পার্টি বিজেপিতে যোগদান করে দেশ গড়ার এই কাজে আমাদের পাশে থাকুন। তিনি আরও বলেন, রাজনীতি বাঁচলেই বাঁচবে দেশ,তরুণরাই আগামীর বাংলাদেশ।

সুপ্রীম কোর্ট আপীল বিভাগের আইনজীবী হিসাবে তালিকাভুক্ত হলেন মনিরুজ্জামান

ঝিনাইদহের কৃতি সন্তান মনিরুজ্জামান লিংকন বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের আইনজীবী হিসাবে তালিকাভুক্ত হয়েছেন।

ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে আইন বিভাগে অনার্সসহ মাস্টার্স ডিগ্রী শেষে স্থানীয় বারে ২০০২ সালে আইনপেশা শুরু করেন।

পরবর্তীতে ২০১৩ সালে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশনে আইনজীবী হিসাবে আইন পেশায় যুক্ত হন।

হাইকোর্টের আইনজীবী হিসাবে তিনি জনগুরুত্বপুর্ন একাধিক মামলা পরিচালনা করেন। বেবি ফুড, পিএইচডি জালিয়াতি, পথ শিশু পুর্নবাসনসহ একাধিক মামলা তিনি সফলভাবে পরিচালনা করেছেন। তিনি মানবাধিকার ও গুম বিষয়ক বিসিন সপ ও সেমিনারে অংশ গ্রহন করে পুরস্কৃত হয়েছেন। সম্প্রতি তিনি সর্বোচ্চবিচারালয় বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের আইনজীবী হিসাবে তালিকাভুক্ত হয়েছেন। তার এ অর্জনে বিভিন্ন শ্রেণীপেশার মানুষ অভিনন্দন জানিয়েছেন। তিনি সকলের কাছে দোয়া কামনা করেছেন।

[redacted]

[redacted]

ইব্রাহিম ও ইসমাইলের বিচার চেয়ে সংবাদ সম্মেলন

ঝিনাইদহের কোটচাঁদপুরে আদম দালাল ইব্রাহিম ও ইসমাইলের বিচার চেয়ে ভুক্তভোগী পরিবার সংবাদ সম্মেলন করেছে।

আজ শনিবার (৫ সেপ্টেম্বর) বেলা ১২ টার সময় কোটচাঁদপুর উপজেলা প্রেসক্লাব মিলনায়তন এই সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সংবাদ সম্মেলনে লিখিত অভিযোগ পাঠ করে শোনান সৌদি আরব গিয়ে প্রতারণার স্বীকার মোঃ শরিফুল ইসলাম শরিফ পিতা মৃত দাউদ হোসেন। তিনি বলেন মোঃ রইফুল ইসলাম পিতা মৃত আবু তাহের, মোঃ শরিফুল ইসলাম পিতা মৃত আবু তাহের আমরা সকলেই চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার শ্যামপুর গ্রামের স্থানীয় বাসিন্দা গ্রামের সহজ সরল মানুষ। একই গ্রামের সৌদি প্রবাসী আমার আপন চাচাতো ভাই মোঃ ইব্রাহিম ওরফে পিন্টু পিতা মৃত সামছদ্দীন প্রবাসে থাকেন। সেই সুত্রে তার ছোট ভাই প্রভাবশালী আওয়ামীলীগ নেতা মোঃ ইসমাইল হোসেন ওরফে বাবু, গ্রাম শ্যামপুর, শ্বশুর শাহাদত, পিতা অজ্ঞাত শ্যালক আল আমিন পিতা শাহাদত একই থানার বেগমপুর গ্রামের বাসিন্দা। স্থানীয় এই চক্র আমাদের অধিক বেতনের প্রলোভন দেখিয়ে সৌদি আরব নিয়ে যায়। সাধারণ মানুষের সরলতার সুযোগ নিয়ে সুচতুর সৌদি আরব প্রবাসী ইব্রাহিম তার আপন ভাই আওয়ামী লীগ নেতা ইসমাইল ওরফে বাবু সহ ঘনিষ্ঠ লোকজন তৎকালীন সময় দলীয় প্রভাব খাটিয়ে প্রশাসনের চোখ ফাঁকি দিয়ে ক্ষমতার দাপটে প্রতারণা করে বিদেশে পাচার করতেন। ভয়ে প্রতিকার চাইতে পারিনি কেউ।

আমাদের ভুক্তভোগী পরিবার গুলোর বাড়িতে এসে সু কৌশলে বিভিন্ন সময় বুঝাতো এরা। বলতো দেশে ইনকাম করে ভালো ভাবে বসবাস করা সম্ভব না। কয়েক বছর সৌদি আরব দেশে কাজ করে আসলে জীবনে আর কিছু করতে হবে না। সারাজীবন সুখের সাথে স্ত্রী ছেলে মেয়ে নিয়ে বসবাস করতে পারবে। এভাবেই সুখের সন্ধান দিয়ে অধিক বেতনের প্রলোভন দেখিয়ে আমাদের পরিবার কে রাজি করায়। তাদের এই সুচতুরতা না বুঝে সরল বিশ্বাসে আমরা আমাদের পরিবার কে স্বাবলম্বী করতে বিভিন্ন স্থান থেকে ঋণের টাকা নিয়ে এনজিও থেকে ঋণ নিয়ে সহায় সম্বল সবকিছু বিক্রি করে ২০২৩ সালের নভেম্ববর মাসে জনপ্রতি সাড়ে ছয় সাত ও আট লক্ষ টাকা করে নিয়ে জাল জালিয়াতি করে সৌদি আরব দেশে পাঠিয়ে দেয়।

কোটচাঁদপুরে জামায়াতের সাথে সাংবাদিকদের মতবিনিময় সভা

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলায় কর্মরত সাংবাদিকদের সঙ্গে বাংলাদেশ জামায়াতে ইসলামীর মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।
আজ শনিবার (৫অক্টোবর) সকাল ১১ টার সময় কোটচাঁদপুর উপজেলা জামায়াতে ইসলামীর আয়োজনে শহরের দুধসারা রোডে আল ফালাহ ইসলামি সেন্টার ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর উপজেলা কার্যালয়ে উপজেলা জামায়াতের আমীর মোঃ আজিজুর রহমান মাস্টারের সভাপতিত্বে উপজেলা জামায়াতের সেক্রেটারি প্রফেসর মোঃ শরিফুল ইসলাম এর পরিচালনায় জামায়াতের মিডিয়া সম্পাদক মোঃ শাহাবুদ্দিন খান এর সঞ্চালনায় এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।
এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর মহেশপুর ঝিনাইদহ ৩ আসন থেকে বাংলাদেশ জামায়াতে ইসলামীর মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী ঝিনাইদহ জেলা নয়েবে আমির অধ্যাপক মোঃ মতিয়ার রহমান।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা জামায়াতের আমীর আজিজুর রহমান।
প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক মোঃ মতিয়ার রহমান বলেন আপনারা সাংবাদিক জাতির দর্পণ। বিগত সৈরশাসন আমলে আপনাদের কন্ঠরোধ করা হয়েছে। সত্য তুলে ধরলেই সাংবাদিকদের নামে মিথ্যা মামলা দায়ের সহ খুন গুম করা হয়েছে। এখন থেকে আপনারা সত্যটা তুলে ধরবেন আপনাদের সাথে আমরা আছি। আপনাদের সাথেই থেকে সমাজ থেকে মাদক চাঁদাবাজ সন্ত্রাসী দূর্নীতিবাজদের মুখোশ উন্মোচন করে তাদের কে উৎখাত করা হবে। আপনারা আমাদের সাথে থাকলে সঠিক সংবাদ পরিবেশন করা হলে সমাজ থেকে সকল দুর্নীতি বন্ধ করা সম্ভব হবে বলে মনে করি।
এসময় উপস্থিত ছিলেন সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান মোঃ মোয়াবিয়া হোসাইন, উপজেলা বায়তুলমাল সম্পাদক মোঃ রেজাউল ইসলাম সহ কোটচাঁদপুর উপজেলা প্রেস ক্লাবের সাংবাদিক বৃন্দ।

শিক্ষক দিবসেও ১০ম গ্রেড বাস্তবায়নের দাবিতে ঝিনাইদহে মানববন্ধন

বিশ্ব শিক্ষক দিবসেও সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের ১০ম গ্রেড বাস্তবায়নের দাবীতে ঝিনাইদহে মানববন্ধন ও স্মারকলিপি প্রদান করা হয়েছে।

বৈরী আবহাওয়া উপেক্ষা করে আজ শনিবার (৫ অক্টোবর) বিশ্ব শিক্ষক দিবসে শহরের কেন্দ্রীয় শহীদ মিনার চত্বরে জেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকবৃন্দের ব্যানারে এ মানববন্ধন কর্মসূচী পালিত হয়।

এতে ব্যানার ফেস্টুন নিয়ে জেলা ও উপজেলার বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা অংশ নেয়। সেসময় সহকারী শিক্ষক মোহাম্মদ আবু মাসুদ, মোহাম্মদ আলী, নজরুল ইসলাম, আলম পারভেজ, আজাদ হোসেনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা, ন্যায্যতা ও যোগ্যতার ভিত্তিতে প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের ১০ম গ্রেড বাস্তবায়নে সরকারের প্রধান উপদেষ্টার প্রতি আহ্বান জানান। দাবী মানা না হলে কঠোর কর্মসূচীর হুশিয়ারি দেন।

কোটচাঁদপুরে গ্রীন হসপিটাল এন্ড ডায়াগনস্টিক সেন্টারের শুভ উদ্ভোধন

মানুষকে স্বাস্থ্য সেবা দিতে কোটচাঁদপুরে পথ চলা শুরু করলেন গ্রীন হসপিটাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার। আজ শুক্রবার তারিখে দোয়ার মধ্যদিয়ে স্থানীয় বলুহর স্ট্যান্ডে শুভ উদ্ভোধন হয়েছে

প্রতিষ্ঠানটির।

জানা যায়, গ্রীন হসপিটাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার একটি সেবা মূলক প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি মানুষের স্বাস্থ্য সেবা দিতে শুক্রবার সকালে কোটচাঁদপুর – কালীগঞ্জ মহাসড়কের পাশে বলুহর স্ট্যান্ডে আনুষ্ঠানিক ভাবে পথ চলা শুরু করেছেন।

ফিতে কেটে ও দোয়া অনুষ্ঠানে মধ্য দিয়ে প্রতিষ্ঠানটি উদ্ভোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি ঝিনাইদহ জেলা নয়েবে আমির অধ্যাপক মোঃ মতিয়ার রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা জামায়াতের আমীর আজিজুর রহমান, সাবেক উপজেলা জামায়াতের আমীর ও চেয়ারম্যান তাজুল ইসলাম, মহেশপুর উপজেলা জামায়াতের আমীর অধ্যাপক মোঃ ফারুক আহমেদ, ঝিনাইদহ জেলা ছাত্র শিবিরের সভাপতি সাবেক ওমর ফরুক।

অনুষ্ঠানে কোরআন তেলাওয়াত করেন হাফেজ মোঃ আবু সাঈদ। অতিথিবৃন্দরা প্রতিষ্ঠানটির পথ চলায় শুভ কামনা করেন। সাথে সাথে সার্বিক সহযোগিতারও আশ্বাস দেন তারা।

হরিণাকুণ্ডু ইউনিয়নের স্কুল কলেজ দখল ইউপি চেয়ারম্যান ঝন্টুর কোটি টাকার নিয়োগ বাণিজ্য!

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার কাপাশহাটীয়া ইউনিয়নের চেয়ারম্যান শরফতদৌলা ঝন্টু ইউনিয়নের স্কুল কলেজ দখল করে বাবা, ভাই ও অনুসারিদের সভাপতি বানিয়ে কোটি টাকার উপরে নিয়োগ বাণিজ্য করেছে। ইউনিয়নে তার ভয়ে কথা বলারমত শাহস করতেন না কেউ। স্কুল, কলেজ হাট বাজার, বাউড় সবই ছিল তার দখলে। তিনি কখনো আওয়ামী লীগের এমপি, কখনো উপজেলা চেয়ারম্যান, কখনো দলীয় নেতাদের লাঠিয়াল

কাপাশহাটীয়া হাজী আরশাদ আলী ডিগ্রী কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ জাকির হোসেন বলেন, সরকরী নিয়ম মাফিক নিয়োগ হয়েছে। বাকীটা সভাপতি জানেন।

কাপাশহাটীয়া ইউনিয়নের চেয়ারম্যান শরফতদৌলা ঝন্টু বলেন, টাকা পয়সা দিয়ে কাওকে চাকুরী দিই নি। এর কোন ভিত্তি নেই। এসব ভিত্তিহীন কথা।